

ইংলিশ মিডিয়াম স্কুলকে নিয়মের মধ্যে আনতে ব্যবস্থা নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

শিক্ষামন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন জানিয়েছেন, ইংলিশ মিডিয়াম স্কুলকে নিয়মের মধ্যে আনতে ব্যবস্থা নেওয়া হবে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক প্রেস ব্রিফিংয়ে এ মন্তব্য করেন তিনি। এ সময় শিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ উপস্থিত ছিলেন।

ইংলিশ মিডিয়াম স্কুলকে নিয়মের মধ্যে আনতে ব্যবস্থা গ্রহণের কথা জানিয়ে এহছানুল হক মিলন বলেন, ‘এছাড়াও বদলিতে আর কোনো বাণিজ্য হতে দেওয়া হবে না।

পড়ুন



কিশোরী ভাগনিকে ধর্ষণের অভিযোগ,
মামার বিরুদ্ধে অভিযোগপত্র প্রদান

এর আগে বুধবার (১৮ ফেব্রুয়ারি) শিক্ষামন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন তিনি। পরে তিনি জানান, পরীক্ষায় নকল-প্রশ্নফাঁস আর ফিরে আসবে না। অতীতে আমি দায়িত্ব পালনকালে নকল ও প্রশ্নপত্র ফাঁস বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছিল।

এবারও কঠোর নজরদারি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শিক্ষাঙ্গনে শৃঙ্খলা বজায় রাখা হবে বলেও জানান তিনি।